দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 APR 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ...

32

## নূতন ৫টি মেডিক্যাল কলেজের ধর্মঘট স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ।। দেশের নূতন ৫টি মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক ভবন নির্মাণ, হাসপাতাল প্রতিষ্ঠা, পর্যাপ্ত সংখ্যক শিক্ষক নিয়োগ ও প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামাদির সরবরাহসহ বিভিন্ন দাবী-দাওয়া পূরণের লক্ষ্যে নূতন ৫টি মেডিক্যাল কলেজ ঐক্য পরিষদ আহূত অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট গত-

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট স্থগিত

(১ম পৃঃ পর)

কাল (শুক্রবার) স্বাস্থ্য মন্ত্রীর সহিত এক ফলপ্রসূ আলোচনার পর স্থগিত করা হইয়াছে। পরিষদের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ৫টি মেডিক্যাল কলেজের ১০ জন ছাত্র প্রতিনিধি এই আলোচনায় অংশ নেন। স্বাস্থ্যমন্ত্রী কলেজের প্রফেশনাল পরীক্ষা, প্রয়োজনীয় চিকিৎসক নিয়োগ, আবাসিক ও ক্লাস রুমের সমস্যার সমাধান, যাতায়াতের জন্য গাড়ী ও অন্যান্য দাবী পূরণের আশ্বাস দেন। ছাত্র নেতৃবৃন্দ বলেন, দীর্ঘ আলোচনায় ৫টি মেডিক্যাল কলেজের ঐক্য পরিষদের ১২ দফা দাবী আলোচিত হয় এবং আলোচনা সন্তোষজনক হওয়ায় পরিষদ নেতৃবৃন্দ কর্তৃক ধর্মঘট স্থগিত করা হয়। নেতৃবৃন্দ আগামী ১৫ই এপ্রিলের মধ্যে ছাত্র-ছাত্রীদের দাবী পূরণের জন্য আহ্বান জানান। আলোচনায় স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য মহাপরিচালক এবং ৫টি মেডিক্যাল কলেজের অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।